

“ছেলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নওগাঁ।  
[www.fpo.naogaon.gov.bd](http://www.fpo.naogaon.gov.bd)

নং-৫৯.১১.৬৪০০.০০১.১৮.০০১.২৫. ৮৬৫

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ  
২৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নওগাঁ জেলায় কোন কোন উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকা তাদের নির্ধারিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বসবাসযোগ্য বাসায় অবস্থান/বসবাস করেন না এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীগণ সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড/ইউনিটে অবস্থান/বসবাস করেন না।

নিয়োগ বিধি ও কর্মপরিধি অনুযায়ী নিজ কর্মস্থলে বসবাসের বিধান থাকলেও সংশ্লিষ্ট কর্মচারীগণ নিয়োগ বিধি লঙ্ঘন করে কর্মস্থলের বাহিরে অবস্থান করছেন যা নিয়োগ বিধির পরিপন্থী এবং সরকারী কর্মচারীর (শৃংখলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-২(খ) মোতাবেক অসদাচরণের সামিল।

এমতাবস্থায় যে সকল উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নির্ধারিত বসবাসযোগ্য বাসায় অবস্থান/বসবাস করেন না এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারী নিয়োগ বিধি-১৯৭৬ এর S.R.O.FP/S-৩/৪৫/৭৬/৪১৪ Date-৪/০৯/১৯৭৬ অনুযায়ী নিজ কর্মস্থলে (চাকুরীর স্থায়ী ঠিকানায়) বসবাসের বিধান থাকলেও যারা নির্ধারিত ইউনিয়ন/ওয়ার্ড/ইউনিটে অবস্থান/বসবাস না করে অন্য জেলা/উপজেলায় বসবাস/অবস্থান করছেন তাদের-কে আগামী ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট বাসায়/স্ব-স্ব ইউনিয়ন/ওয়ার্ড/ইউনিটে অবস্থান করে সেবা দানের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আদেশ অমান্যকারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইহা সর্বশেষ সতর্কীকরণ হিসেবে বিবেচিত হবে।



(গোলাম মোঃ আজম)  
আইডি নং-৪৪০০২৩  
উপপরিচালক

পরিবার পরিকল্পনা, নওগাঁ।  
২৯/৯/২৫

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

১. পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২. সহকারী পরিচালক (পঃপঃ)/(সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নওগাঁ।
৩. মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ।
৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), .....(সকল), নওগাঁ।
৫. উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/পরিবার কল্যাণ পরিদর্শিকা/পরিবার পরিকল্পনা পরিদর্শক/পরিবার কল্যাণ সহকারী,.....(সকল), নওগাঁ।
৬. অফিস কপি।